



বিশেষণ পদ

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। বিশেষিত করা বা বিশিষ্টতা প্রকটিত কোন পদের ধর্ম?
(ক) বিশেষ্য (খ) সর্বনাম
(গ) বিশেষণ (ঘ) অব্যয়
- ২। যে পদ দ্বারা নামপদ, ক্রিয়াপদ ও বিশেষণের দোষ, গুণ, ধর্ম প্রকাশ পায় তাকে বলে —
(ক) বিশেষণ (খ) অব্যয়
(গ) সর্বনাম (ঘ) কোনটি নয়
- ৩। বিশেষণ পদকে প্রাথমিকভাবে কয় ভাগে ভাগ করা যায়?
(ক) পাঁচ (খ) চার
(গ) তিন (ঘ) দুই
- ৪। যে বিশেষণ পদ ক্রিয়া কেমনভাবে সম্পন্ন হচ্ছে তা বোঝায়, তাকে বলে —
(ক) বিশেষণের বিশেষণ (খ) ক্রিয়া বিশেষণ
(গ) অব্যয়ের বিশেষণ (ঘ) কোনটি নয়
- ৫। ছেলোট খুব জোরে দৌড়ছে। ‘খুব’ শব্দটি কোন্ বিশেষণ?
(ক) বিশেষ্যের বিশেষণ (খ) সর্বনামের বিশেষণ
(গ) বিশেষণের বিশেষণ (ঘ) কোনটি নয়
- ৬। কুমীর _____ জলে থাকে। শূন্যস্থানে কোন্ পদটি বসবে?
(ক) ঘন (খ) গভীর
(গ) কালো (ঘ) রঙিন
- ৭। যে বিশেষণ পদ বাক্যের কোন বিশেষ্য পদকে বিশেষিত করে তাকে বলে —
(ক) বিশেষ্যের বিশেষণ (খ) সর্বনামের বিশেষণ
(গ) ক্রিয়ার বিশেষণ (ঘ) কোনটি নয়
- ৮। স্মরণীয় তাঁরা বরণীয় তাঁরা। রেখাক্ষিত পদ দুটি কোন্ পদ?
(ক) ক্রিয়া বিশেষণ (খ) বিশেষ্যের বিশেষণ
(গ) বিশেষণের বিশেষণ (ঘ) সর্বনামের বিশেষণ
- ৯। চিৎকার করে পড়ছে। রেখাক্ষিত পদটি হল —
(ক) বিশেষণের বিশেষণ (খ) ক্রিয়ার বিশেষণ
(গ) বিশেষ্যের বিশেষণ (ঘ) কোনটি নয়
- ১০। রবীন্দ্রনাথ ভারতের একজন _____ কবি। শূন্যস্থানে কোন্ পদটি বসবে?
(ক) পল্লী (খ) শিল্পী
(গ) সাধারণ (ঘ) সুবিখ্যাত

- ১১। খোলা আকাশের নিচে ছেলেরা খেলছে। রেখাঙ্কিত পদটি হল —
(ক) বিশেষ্যের বিশেষণ (খ) বিশেষণের বিশেষণ
(গ) ক্রিয়া বিশেষণ (ঘ) কোনটি নয়
- ১২। বৃষ্টি ভেজা দিনে _____ মুড়ি খেতে ভাল লাগে। শূন্যস্থানে কোন্ পদটি বসবে?
(ক) চানাচুর (খ) ছোলা
(গ) ঝাল (ঘ) জল
- ১৩। ভারি সুন্দর গল্পটি। রেখাঙ্কিত পদটি হল —
(ক) সর্বনামের বিশেষণ (খ) বিশেষণের বিশেষণ
(গ) ক্রিয়া বিশেষণ (ঘ) কোনটি নয়
- ১৪। গভীর বনে বাঘ থাকে। ‘গভীর’ শব্দটি হল —
(ক) ক্রিয়া বিশেষণ (খ) সর্বনামের বিশেষণ
(গ) বিশেষ্যের বিশেষণ (ঘ) কোনটি নয়
- ১৫। _____ চোখে লোকটি খাবারের দিকে তাকিয়ে আছে। শূন্যস্থানে কোন্ পদটি বসবে?
(ক) লাল (খ) লুফা
(গ) ঘোলা (ঘ) খালি

Amit Kundu
